সর্বোচ্চ অগ্রাধিকার
সীমিত

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২
শিয়ালকোল, সিরাজগঞ্জ
E-mail:
Sirajgonjpbs02@gmail.com

নম্বর ২৭.১২.৮৮৭৮.৫৭৩.০২.০০৮.১৯.৫৭২৮

তারিখ ২৭ আশ্বিন ১৪২৬
১২ অক্টোবর ২০১৯

নিয়োগ বিজ্ঞপ্তি

বিষয়: **"সহকারী ক্যাশিয়ার (মহিলাদের জন্য সংরক্ষিত)" পদে নিয়োগ বিজ্ঞপ্তি।**

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২-এ নিম্নবর্ণিত শূণ্য পদে লোক নিয়োগ/প্যানেল প্রস্তুতের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে স্বহস্তে লিখিত আবেদন আহবান করা যাচেছ।

ক্রঃ নং	পদের নাম ও মাসিক মূল বেতন	প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা	বয়স
০১.	সহকারী ক্যাশিয়ার (মহিলাদের জন্য সংরক্ষিত) ও (১৮,৩০০/- -৭৬০/- -৩২৭৪০/-)	ক) প্রার্থীকে এসএসসি এবং এইচ এস সি উভয় পরীক্ষায় দ্বিতীয় বিভগে উত্তীর্ণ অথবা সিজিপিএ গ্রেড ৪.০০ এর মধ্যে ন্যূনতম ২.২৫ অথবা সিজিপিএ গ্রেড ৫.০০ এর মধ্যে ২.৫ অথবা সমমান হতে হবে। খ) অফিস মেশিন ও কম্পিউটার পরিচালনায় পারদর্শী হওয়া বাধ্যতামূলক। গ) কম্পিউটারে বাংলা কী স্পীড প্রতি মিনিটে ন্যূনতম ১০ (দশ) শব্দ এবং ইংরেজী কী স্পীড প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে। ঘ) ১০,০০০.০০ (দশ হাজার) টাকা নগদে নিরাপত্তা জামানত হিসাবে জমা প্রদান করতে সক্ষম হতে হবে। যা সাফল্যের সাথে সন্তোষজনক ভাবে চাকুরী সমাপ্তের পর অর্জিত ব্যাংক সুদে প্রদানযোগ্য। ঙ) ভদ্র ও প্রফুল্ল উপায়ে জনসাধারনের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে। চ) গ্রহনযোগ্য নূন্যতম পারিবারিক স্বচ্ছলতা ও সামাজিক গ্রহনযোগ্যতা থাকতে হবে।	প্রার্থীর বয়স ০৬/১১/২০১৯খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ বৎসর এবং সর্বোচ্চ ৩০ বৎসর হতে হবে। তবে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র/প্রমানাদি আবেদন পত্রের সহিত সংযুক্ত সাপেক্ষে মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধা সন্তান / সন্তানের সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর শিথিলযোগ্য।

শর্তাবলীঃ

০১। আগ্রহী প্রার্থীগণ অত্র পবিসের www.sirajgonjpbs2.org.bd অথবা www.pbs2.sirajganj.gov.bd ওয়েব সাইট হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড পূর্বক যথাযথভাবে পূরণ করে জেনারেল ম্যানেজার, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২, শিয়ালকোল, সিরাজগঞ্জ এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে (খামের উপরে পদের নাম ও নিজ জেলা উল্লেখসহ) আগামী ০৬/১১/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

০২। আবেদন ফরম A4 সাইজের কাগজে হতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না । সরাসরি কোন আবেদনপত্র গৃহীত হবে না। উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০৩। **আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ**

(ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গীন ছবি;

(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত অনুলিপি:

(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি:

(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর চেয়ারম্যান/মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(চ) জেনারেল ম্যানেজার, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকুলে যে কোন তফসীল ব্যাংক হতে ১০০/= (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।

০৪। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য ''অন-প্রবেশনে'' নিয়োগ দেওয়া হবে। ''অন-প্রবেশনে থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক, বাপবিবোর্ডের প্রয়োজনীয় প্রশিক্ষনে উত্তীর্ণ এবং অত্র সমিতি কর্তৃক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক হওয়া স্বাপেক্ষে চাকুরী নিয়মিত করা যেতে পারে।

০৫। ইতোপূর্বে অত্র সমিতি বা বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকৃত প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

০৬। জেলা কোটার প্রাপ্যতা অনুযায়ী শুধুমাত্র বরগুনা, বরিশাল, ভোলা, ব্রাম্মণবাড়িয়া, চাঁদপুর, চট্রগ্রাম, চুয়াডাঙ্গা, কুমিল্লা, কক্সবাজার, ঢাকা, ফরিদপুর, ফেনী, গোপালগঞ্জ, হবিগঞ্জ, যশোর, ঝালকাঠি, খুলনা, কুড়িগ্রাম, লক্ষীপুর, মাদারীপুর, মৌলভীবাজার, মুন্সিগঞ্জ, ময়মনসিংহ, নড়াইল, নারায়নগঞ্জ, নরসিংদী, নীলফামারী, নোয়াখালী, পঞ্চগড়, পটুয়াখালী, পিরোজপুর, রংপুর, সাতক্ষীরা, শরিয়তপুর, সুনামগঞ্জ ও সিলেট জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

০৭। অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক এবং কর্মরত কর্মকর্তা/কর্মচারীর স্বামী/স্ত্রী বা তাদের রক্ত সম্পর্কীয় আত্নীয়-স্বজনদের আবেদন করার প্রয়োজন নাই।

০৮। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মূহুর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সে জেলার প্রাথীদের আবেদন বিবেচনা করা হবে না।

০৯। মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে সরকারী নীতিমালা অনুসরন করা হবে।

১০। অসম্পূর্ণ এবং ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১১। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন

করতে হবে এবং আবেদনপত্র নির্ধারিত তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

১২। আবেদনকারী তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

১৩। আবেদন পত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা অত্র সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১৪। নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের সময় প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে অত্র সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২-১০-২০১৯

প্রকৌঃ সৈয়দ কামরুল হাসান

জেনারেল ম্যানেজার

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উত্তর অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

২) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৩) পরিচালক (কারিগরী) , আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবোর্ডের ওয়েব সাইডে প্রকাশের অনুরোধ সহ)

৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ

৫) পুলিশ সুপার, পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, সিরাজগঞ্জ

৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বগুড়া জোন, বাপবিবোর্ড, বগুড়া ।

৭) নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবোর্ড, সিরাজগঞ্জ।

৮) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস

৯) ডিজিএম (টেকনিক্যাল), ডিজিএম (কাজিপুর/কারিগরী/বেলকুচি) বিভাগ, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২

১০) এজিএম (ওএন্ডএম), ওএন্ডএম/ইএন্ডসি/অর্থ/সদস্য সেবা বিভাগ/কামারখন্দ সাব-জোনাল অফিস, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২

১১) জুনিয়র ইঞ্জিনিয়ার, আইটি বিভাগ, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ (পবিসের ওয়েব পোর্টাল ও ওয়েব সাইডে প্রকাশের নির্দেশ সহ)

১২) নোটিশ বোর্ড, সিরাজগঞ্জ পবিস-২।

১৩) অফিস/মাস্টার কপি।